



## জীবন বীমার টাকা হস্তান্তর ড্যাফোডিল ইউনিভার্সিটির

ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির ব্যবসায় প্রশাসন বিভাগের নিহত শিক্ষার্থী সাহিফুল্লাহ তালুকদার মহসীনের জীবন বীমার মৃত্যু দাবির পাঁচ লাখ টাকার চেক মঙ্গলবার তার পরিবারের হাতে তুলে দেয়া হয়। বিশ্ববিদ্যালয়ের সম্মেলন কক্ষে নিহতের বাবা আলী আকবর তালুকদার মল্লিকের হাতে চেক তুলে দেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. ইউসুক মাহাবুবুল ইসলাম। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার হামিদুল হক খান, রেজিস্ট্রার প্রফেসর ড. এ কে এম ফজলুল হক, পরিচালক (হিসাব ও অর্থ) মুমিনুল হক মজুমদার, পরিচালক (স্টুডেন্ট এফেয়ার্স) সৈয়দ মিজানুর রহমান, পরিবেশ বিজ্ঞান এবং দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগের প্রধান ড. কামাল পাশা, সিনিয়র এসিস্ট্যান্ট ডিরেক্টর (জনসংযোগ) মো. আনোয়ার হাবিব কাজল, সিনিয়র এসিস্ট্যান্ট ডিরেক্টর (হিসাব ও অর্থ) রেজাউল করিম মাসুদ, প্রাইম ইসলামী লাইফ ইস্যুরেন্স কোম্পানি লিমিটেডের সিনিয়র ভাইস প্রেসিডেন্ট মো. শহীদুর রহমান প্রমুখ। বিজ্ঞপ্তি